

ঈশ্বর তোমার
সঙ্গে সঙ্গে
থাকবেন।



ঈশ্বর সম্পর্কে এই বিষয়গুলি শেখ-

যারা ঈশ্বরকে ভালবাসে তাদের ক্ষতি করবার জন্যও কিছু কিছু লোক আছে। যেখানেই যাও ঈশ্বর তোমার সঙ্গে থাকবেন। তোমার ভালর জন্য ঈশ্বর সব কিছু করবেন। যারা তোমার ক্ষতি করে তাদের ক্ষমা করতে ঈশ্বর তোমাকে সাহায্য করবেন।



বাইবেল থেকে এই অংশটি
পাঁচবার জোরে পড়।

যোষেফের কর্তা.....তাকে কারাগারে
আবদ্ধ করলেন.....কিন্তু ঈশ্বর যোষেফের সঙ্গে
ছিলেন। আদি ৩৯ : ২০,২১
যোষেফ বললেন.....“তোমরা আমার বিরুদ্ধে অনিষ্ট করিয়াছ বটে,
কিন্তু ঈশ্বর তা মংগলের রূপে কল্পনা করেছেন। আদি ৫০ : ১৯,২০

এটা কি করতে পার ?

সঠিক উত্তরের চারপাশে গোল চিহ্ন দাও।

- ১। কাকে কারাগারে রাখা হয়েছিল? ইসহাক/যোষেফ/যাকোব।
- ২। তার সঙ্গে কে কারাগারে ছিল? যাকোব/ইসহাক/ঈশ্বর।
- ৩। ঈশ্বর তোমাকে কিভাবে সাহায্য করবেন যারা তোমার প্রতি অন্যায় করে? ক্ষমা করতে/তাদের আঘাত করতে।
- ৪। তোমার সব ভালর জন্য কে কাজ করে থাকে?
তুমি নিজে/ঈশ্বর।


সঠিক উত্তর

১। যোষেফ ২। ঈশ্বর ৩। ক্ষমা করতে ৪। ঈশ্বর



যোষেফের ভাইরা তার ক্ষতি করতে চেষ্টা করেছিল।
নীচে বিন্দু ● থেকে ● বিন্দু পর্যন্ত লম্বা দাগ দাও।
যোষেফ যাকোবের বারোজন পুত্রের একজন,
যাকে যাকোব ভালবাসতেন।
তিনি যোষেফকে সুন্দর একটা পোষাক দিলেন।
এতে তার ভাইদের হিংসা হলো ও যোষেফকে ঘৃণা
করতে লাগলো।

ঈশ্বর যোষেফকে ভালবেসে তার সংগে
কথা বললেন। ● স্বপ্নে তাকে দেখা দিয়ে
বললেন যে সে বড় একজন শাসক হবে। ●
● ঈশ্বর যা বললেন যোষেফ তা বিশ্বাস করলেন।
তার এই স্বপ্নের কথা তিনি ভাইদের বললেন
এতে যোষেফের ভাইরা তাকে আরও
ঘৃণা করতে লাগলো।



যোষেফের ভাইরা তাকে মেরে ফেলার পরিকল্পনা করলো।

তারা তাকে বড় এক গর্তে ফেলে দিল।

পরে তাকে ক্রীতদাস হিসাবে
বিক্রি করে দিল। যাকোবকে (পিতাকে) এই
কথা বলে বিশ্বাস করালো যে
বন্য পশু তাকে খেয়ে ফেলেছে।

ঈশ্বর যোষেফের সংগে ছিলেন।

যে লোকেরা যোষেফকে কিনেছিল তারা তাকে অনেক দূরে নিয়ে
গেল। তারা ক্রীতদাস হিসাবে পটিফরের কাছে বিক্রি করে দিল।

● কিন্তু পটিফরের ঘরে ঈশ্বর তার সহায় ছিলেন। ●

সব কাজ ঠিকমত করতে ঈশ্বর তাকে সাহায্য করলেন।

ঈশ্বরের মত পটিফরও তার উপর খুশী ছিল।



পটিফরের স্ত্রী যোষেফকে পাপ কাজ করাতে চেষ্টা করলো। কিন্তু যোষেফ পাপ কাজ করলেন না কারণ তিনি ঈশ্বরকে ভালবাসতেন। পটিফরের স্ত্রী যোষেফের বিরুদ্ধে মিথ্যা কথা ছড়ালো। ফলে পটিফর যোষেফকে জেলে দিলো।

● কিন্তু ঈশ্বর যোষেফের সংগে ছিলেন। ●

ঈশ্বর সব কিছু ভালোর জন্য করেন। একদিন রাজা যোষেফকে ডেকে পাঠালেন। ঈশ্বর স্বপ্নে রাজার মনের মধ্যে কথা বললেন। কিন্তু রাজা এর অর্থ বুঝলেন না। ঈশ্বর যোষেফকে স্বপ্নের অর্থ বলে দিলেন। দেশে সাত বছর ধরে ভাল ফসল হবে, এর পরের সাত বছর কোন ফসল হবে না ফলে দুর্ভিক্ষ হবে। যোষেফ এই স্বপ্নের অর্থ রাজাকে বলে দিলেন।


(পরে) রাজা যোষেফকে শাসনকর্তা বানালেন। সাত বছরে পূচুর ফসল ঘরে আসলো। যোষেফ অতিরিক্ত ফসলগুলো গোলায় জমা করলেন। (পরের) সাত বছরে দুর্ভিক্ষ নেমে এলো। লোকেরা যোষেফের কাছে খাদ্যের জন্য এলো। ঈশ্বর যোষেফকে (এই ভাবে) অনেক লোকের প্রাণ বাঁচাতে সাহায্য করলেন।



ঈশ্বর যোষেফকে তার ভাইদের ক্ষমা করতে সাহায্য করলেন। যোষেফের ভাইরা খাদ্যের জন্য আসলো।

● ঈশ্বর যোষেফকে সাহায্য করলেন তার ভাইদের অপরাধ ক্ষমা করতে। ●

যোষেফ তাদের ভালবাসলেন এবং ভাল খেতে দিলেন, ও থাকার জন্য ভাল জায়গা দিলেন। ● সব কিছুর জন্য যা ভাল ঈশ্বর তাই করলেন। ● তোমাদের সামনে যাই ঘটুক না কেন সর্বদা ঈশ্বরকে ভালবাসবে ও তার কাছে প্রার্থনা করবে। ● যারা তোমাদের ক্ষতি করে তাদের ক্ষমা করো। ঈশ্বর তোমার সহায় থেকে সব কিছু করবেন। ●



এই পাঠগুলো থেকে নিশ্চয়ই অনেক কিছু শিখেছ।
 তুমি জেনেছ ঈশ্বর কিভাবে তোমাকে ভালবাসেন।
 তুমি জেনেছ ঈশ্বর কত বড় ও মহান।
 ঈশ্বর তোমাকে সৃষ্টি করেছেন যেন তুমি তার মত হও।
 ঈশ্বর মহান, তাই তিনি চান তার সন্তানরাও যেন
 সে রকম হয়। তিনি চান অন্যের প্রতি যেন তোমার দয়া
 থাকে। তোমার পাপের মুক্তির জন্য তিনি তার
 মেঘশাবক যীশুকে পাঠালেন। তিনি তোমাকে ক্ষমা ও
 আশীর্বাদ করতে চান।



ঈশ্বর চান যেন তুমি তার সংগে স্বর্গে বাস
 করতে পার। যেখানেই যাও সেখানেই তিনি
 তোমাদের তত্ত্বাবধান করবেন। তিনি চান
 যেন তুমি তার কাছে প্রার্থনা কর, অন্য
 কোন দেবতার কাছে নয়। ঈশ্বর চান
 তুমি তার অনুসরণ কর। তিনি সর্বদা
 সত্যের অনুরাগী। তুমি যদি তাকে ভালবেসে
 তার বাধ্য থাক তাহলে তিনি তোমার জন্য যা
 মংগল তাই-ই করবেন। প্রতিদিন তুমি যখন তার সংগে
 পথ চল ও কথা বল তখন তিনি তোমাকে আশীর্বাদ করেন।

প্রার্থনা

প্রভু, আমি জানি বাইবেলের শিক্ষার মধ্য দিয়ে তুমি আমার সংগে
 কথা বল। তুমি যোষেফের তত্ত্বাবধান করেছ। অপ্রাহামকে আশীর্বাদ
 করেছ। তুমি আদমও নোহের সংগে চলেছ, কথা বলেছ।
 তুমি আমাকে ভালবাস। আমি যেখানেই যাই সেখানেই
 তুমি আমার সংগে আছো। যাকোবের পাপ যেমন ক্ষমা করেছ,
 তেমন তুমি আমার পাপ ক্ষমা করেছ। ইসহাকের মত তোমার
 মেঘশাবকের মৃত্যু দ্বারা আমি রক্ষা পেয়েছি। হনোকের মত তুমি
 আমাকে স্বর্গে নিয়ে রাখবে। আমি তোমার সন্তান,
 যেখানেই আমি যাব তোমাকে ভালবাসবো।



এবারে ত্রয়োদশ পাঠের ছাত্র রেকর্ডটি পূরণ কর।